যুগান্তর

এসএসসি পরীক্ষা

# মহম্মদপুরে প্রক্সি দিতে এসে কলেজছাত্রের কারাদণ্ড

মহম্মদপুর (মাগুরা) প্রতিনিধি

০১ অক্টোবর ২০২২, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

মহম্মদপুরে অন্যের হয়ে এসএসসি পরীক্ষা দিতে আসা মো. পিকুল শেখ (১৮) নামের একজনকে আটক করা হয়েছে। আটক পিকুল মহম্মদপুর উপজেলা সদরের বাওজানি গ্রামের মৃত লুৎফর শেখের ছেলে। সে প্রতিবেশী মো. আবু ওবাইদার হয়ে এসএসসি পরীক্ষা দিচ্ছিল। শুক্রবার বেলা ১১টার দিকে মহম্মদপুর সদরের সরকারি আরএসকেএইচ ইনস্টিটিউশন মডেল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষায় এ ঘটনা ঘটে। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, শুক্রবার বেলা ১১টা থেকে যশোর শিক্ষা বোর্ডের অধীনে স্থগিত হওয়া বাংলা দ্বিতীয়পত্রের বহুনির্বাচনি (এমসিকিউ) অংশের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালীন উপজেলা সদরের সরকারি আরএসকেএইচ ইনস্টিটিউশন মডেল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ওই ছাত্রকে সন্দেহ হলে কক্ষ পরিদর্শক শামীম আহমেদ ওই ছাত্রকে কেন্দ্র সচিবের কক্ষে ডেকে আনেন। পরে তার বিরুদ্ধে অন্যের পরীক্ষা দেওয়ার প্রমাণ পাওয়ায় পুলিশে সোপর্দ করা হয়। পরে মহম্মদপুর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) নির্বাহী ম্যাজিস্ট্রেট বাসুদেব কুমার মালো ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে পিকুলকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন। দণ্ডিত পিকুল মহম্মদপুর উপজেলা সদরের বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনিক্যাল কলেজের উচ্চ মাধ্যমিক প্রথমবর্ষের ছাত্র। আবু ওবাইদা ঘটনার পর থেকে পলাতক। এসএসসি পরীক্ষার কেন্দ্র সচিব ও ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম নাসিরুল ইসলাম বলেন, পরীক্ষায় জালিয়াতির অভিযোগে আটক ব্যক্তির উত্তরপত্র বাতিল করা হয়েছে। মহম্মদপুর থানার ওসি অসিত কুমার রায় বলেন, যুবক পিকুলকে মাগুরার জেলহাজতে পাঠানো হয়েছে।

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,

x

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2022

X